নম্বর 202.60

<u>নির্বাহী আদেশ</u>

আইনের সাময়িক স্থগিতাদেশ এবং পরিবর্তন অব্যাহত রাখা
সাময়িক স্থগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা

যেখানে, *7* মার্চ 2020 তারিখে আমি নিউ ইয়র্কের সকল স্টেটগুলিতে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি;

যেখানে, 2019 সালের নভেল করোনাভাইরাস (COVID-19) প্রধানত ইউরোপ থেকে নিউ ইয়র্কে আসে, যখন জানুয়ারির শেষ থেকে 16ই মার্চ, 2020 এর মধ্যে 2.2 মিলিয়নেরও বেশি পর্যটক আসেন, যার পর ফেডারেল সরকার অবশেষে ইউরোপীয় ভ্রমণের একটি সম্পূর্ণ নিষেধাজ্ঞা প্রয়োগ করে;

যেখানে, এই সময়ের মধ্যে 2.2 মিলিয়নেরও বেশি পর্যটক নিউ ইয়র্ক শহরের মেট্রোপলিটন এলাকায় অবতরণ করেন এবং নিউ ইয়র্কের সম্প্রদায়গুলিতে প্রবেশ করেন, যেটি আমাদের জনসংখ্যার ঘনত্বের সাথে মিলিত হয়ে, নিউ ইয়র্কে COVID-19 এর সংক্রমণের হার সর্বোচ্চ হওয়ার কারণ হয়ে দাড়িয়েছে;

যেখানে, ভ্রমণ সংক্রান্ত এবং সম্প্রদায়ের যোগাযোগ দ্বারা COVID-19 সংক্রমণ, উভয় কেসগুলিই নিউ ইয়র্ক রাজ্য জুড়ে নথিভুক্ত করা হয়েছে এবং এই ভাইরাস ট্রেস করা, পরীক্ষা এবং ধারণ করার জন্য রাজ্য এবং স্থানীয় সরকারের নিরবচ্ছিন্ন এবং পরিশ্রমী প্রচেষ্টা সত্ত্বেও, এই ধরনের সংক্রমণ অব্যাহত থাকবে বলে আশা করা হচ্ছে;

যেখানে, নিউ ইয়র্ক স্টেট পুনরায় খোলার জন্য একটি সতর্ক, ক্রমবর্ধমান ও প্রমাণ-ভিত্তিক পদ্ধতি গ্রহণ করেছে;

যেখানে, নিউ ইয়র্কবাসীদের "বক্ররেখা সমতল" করার ক্ষেত্রে উৎসর্গ সফলভাবে COVID-19 এর সংক্রমণকে মন্থর করেছে, এবং আমাদের এবং আমাদের বন্ধু, পরিবারের সদস্য, প্রতিবেশী এবং সম্প্রদায়ের সদস্যদের রক্ষা করতে এই সজাগ প্রচেষ্টা অবশ্যই চালিয়ে যেতে হবে;

যেখানে, নিউ ইয়র্ক রাজ্যে সংক্রমণের হার সর্বোচ্চ ছিল, কিন্তু সেই থেকে দেশের সর্বনিম্ন হারে নেমে আসতে সফল হয়েছে, এবং সফলভাবে COVID-19 সংক্রমণ ধারণের ক্ষেত্রে মাত্র কয়েকটি রাজ্যের মধ্যে নিউ ইয়র্ক অন্যতম হিসেবে প্রতিবেদিত;

যেখানে, অন্যান্য রাজ্যগুলি যারা কম সতর্ক পদক্ষেপ গ্রহণ করে থাকতে পারে তাদের ক্ষেত্রে COVID-19 সংক্রমণের প্রবণতা বৃদ্ধি পাচ্ছে, এবং অন্যান্য রাজ্যে সংক্রমণের প্রবণতা নিউ ইয়র্কের অগ্রগতির ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য ঝুঁকি হয়ে রয়েছে; এবং

যেখানে, ফেডারেল সরকার দেশকে ধ্বংস করা COVID-19 মহামারীর কারণ এবং প্রভাব যথাযথভাবে মোকাবেলা করতে ব্যর্থ হয়েছে, অন্যান্য ক্রিয়াকলাপের মধ্যে, একটি দেশব্যাপী পরীক্ষা কৌশল প্রতিষ্ঠা করতে ব্যর্থ হয়েছে এবং দেশব্যাপী মুখের আবরণ ব্যবহারের বাধ্যতা প্রয়োগ করতে ব্যর্থ হয়েছে;

এখন, অতএব, আমি, অ্যান্ড্রু এম. কুওমো, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, সংবিধান এবং নিউ ইয়র্ক স্টেটের আইন দ্বারা আমার উপর অর্পিত কর্তৃত্ব ব্যবহার করে, এতদ্বারা পাচ্ছি যে একটি দুর্যোগ অব্যাহতভাবে বর্তমান যার প্রতি পর্যাপ্তভাবে প্রতিক্রিয়া ব্যক্ত করতে প্রভাবিত রাজ্যের এজেন্সিগুলি এবং স্থানীয় সরকারসমূহ অক্ষম। ফলস্বরূপ, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান ও নির্বাহী আইনের অনুচ্ছেদ 2-B এর 28 ধারা দ্বারা আমার উপর ন্যস্ত ক্ষমতাবলে, আমি 07 মার্চ 2020 থেকে একটি রাজ্য জরুরিকালীন পরিস্থিতি ঘোষণা করছি যেমন উল্লিখিত আছে নির্বাহী আদেশ 202 এ। এই নির্বাহী আদেশ বলবত থাকবে 04 অক্টোবর 2020 পর্যন্ত।

উপরন্তু, আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর সেকশন 29-a এর অধীনে আমার উপর ন্যস্ত কতৃত্ব বলে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যে কোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধানসমূহ বা তার অংশবিশেষ, যদি সেই আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধানসমূহ বা তার অংশবিশেষ যা মেনে চললে তা দুর্যোগ মোকাবিলায় বাঁধা সৃষ্টি করে বা ব্যাহত করে বা পদক্ষেপ নেওয়া বিলম্বিত করে বা যদি সেই দুর্যোগ সামলাতে সহায়তা করে, এতদ্বারা সেগুলির সকল স্থগিতকরণ, পরিবর্তন এবং সেই সকল নির্দেশিকাসমূহ যা নির্বাহী আদেশ 202 দ্বারা অতিক্রম করা হয়নি, যার অন্তর্ভুক্ত 202.21, এবং 202.27, 202.28, 202.29, 202.30, 202.38, 202.39, 202.40, 202.48, 202.49, 202.50 এবং এর প্রসারণগুলি, ও নির্বাহী আদেশ 202.55 এবং 202.55.1 দ্বারা প্রসারিত, সেগুলি 04 অক্টোবর 2020 পর্যন্ত অব্যাহত রাখছি আরো ত্রিশ দিনের জন্য, এতোদ্বারা নিম্নলিখিতগুলি স্থগিত বা পরিবর্তিত করছি:

- পাবলিক অথরিটি আইনের (Public Authorities Law) ধারা 2804, সেই পরিসর পর্যন্ত যাতে দূরবর্তীভাবে অনুষ্ঠিত গণ শুনানির মাধ্যমে প্রস্তাবিত টোল সমন্বয় সংক্রান্ত মন্তব্য পাওয়ার জন্য সরকারী কতৃপক্ষের প্রয়োজন, টেলিফোন কনফারেন্স, ভিডিও কনফারেন্স এবং/অথবা অন্যান্য মাধ্যমে সম্প্রচার, ইলেকট্রনিকভাবে বা মেইলের মাধ্যমে জনগণের মন্তব্য গ্রহণ সহ, এবং সকল প্রয়োজনীয় কাগজপত্র এবং রেকর্ড ইলেক্ট্রনিক আকারে ইন্টার্নেটে এবং অনুরোধ করলে উপলভ্য করা।

- 2020 সালের আইনগুলির অধ্যায় 25 এর সেকশন 1 এর সাবডিভিশন 4 সেই পরিসর পর্যন্ত পরিবর্তিত যা প্রয়োজন এই ব্যবস্থা করার জন্য যে এমন কোন দেশে যাত্রা ছাড়াও যার জন্য রোগ নিয়ন্ত্রণ এবং প্রতিরোধ কেন্দ্র একটি দ্বিতীয় বা তৃতীয় স্তরের যাত্রা সংক্রান্ত স্বাস্থের বিজ্ঞপ্তি জারি করেছে, কর্মচারীটি সবেতন অসুস্থতার ছুটি বা অন্যান্য সবেতন সুবিধা প্রাপ্ত হবেন না এই অধ্যয় অনুযায়ী যদি সেই কর্মচারী স্বেচ্ছায় এমন একটি রাজ্যে যাত্রা করেন যেখানে পজিটিভ পরীক্ষার হার 100,000 বাসিন্দা প্রতি 10 এর বেশি হয় অথবা পজিটিভ পরীক্ষার ফলাফলের হার 10% এর বেশি হয় একটি সাত দিনের চলমান গড়ের হিসেবে, এবং যা স্বাস্থ্য বিভাগের কমিশনার এই শর্তাবলী পূরণ করে বলে নির্দিষ্ট করেন যেমন উল্লিখিত আছে নির্বাহী আদেশ 205 এ জারি করা উপদেষ্টায় বর্ণিত আছে, এবং কর্মচারীটি সেই রাজ্যে যাত্রা করা শুরু করেননি স্বাস্থ্য বিভাগের কমিশনার সেই রাজ্যকে নির্দিষ্ট করার আগে, এবং যাত্রাটি সেই কর্মচারীর কর্মসংস্থানের অংশ হিসেবে অথবা তার নিয়োগকর্তার নির্দেশে সম্পন্ন করা হয়নি;

- নির্বাহী আদেশ 202.8 এ থাকা স্থগিতাদেশ, যেমন অতি সম্প্রতি নির্বাহী আদেশ 202.48 এবং 202.55 এবং 202.55.1 এ অব্যাহত এবং সংশোধন করা হয়েছে, আমি তা এতোদ্বারা সংশোধন করছি এই ব্যবস্থা প্রদান করতে যে সীমাবদ্ধতার বেসামরিক নিয়মের টোলিং প্রত্যাহার করা হবে যেহেতু এটি যে কোন নির্মাণ প্রকল্পের পৌর সরকার বা সরকারী কর্তৃপক্ষ দ্বারা করা অনুমোদনকে চ্যালেঞ্জ এমন কোন পদক্ষেপের সাথে সম্পর্কিত যার অন্তর্ভুক্ত সাশ্রয়ী আবাসন অথবা অলাভজনক সংস্থার দ্বারা ব্যবহারের জন্য স্থান। ফৌজদারি কার্যবিধি আইনের 30.30 ধারার স্থগিতাদেশ এতোদ্বারা পরিবর্তিত করা হল যাতে দ্রুত বিচারের সময়সীমা একটি অধিক্ষেত্রে স্থগিত থাকে যতক্ষণ না একটি পেতি ক্রিমিনাল জুরিস আবার সেই অধিক্ষেত্রে কনভিন করা হয়; ফৌজদারি কার্যবিধি আইন (Criminal Procedure Law) 170.70 আর স্থগিত নয়, এবং যে কোন উপস্থিতি যার জন্ত সশরীরে করতে বলা হয়েছে তা অব্যাহত থাকতে পারে ভার্চুয়ালি, পক্ষগুলির অনুমতি নিয়ে।

- গ্রামীণ বৈদ্যুতিক সমবায় আইন (Rural Electric Cooperatives Law) ধারা 17(d) সেই পরিসর পর্যন্ত পরিবর্তন করা যা প্রয়োজন ন্যূনতম কোরামের প্রয়োজনীয়তার জন্য সশরীরে উপস্থিতির আবশ্যকতা নির্মূল করার জন্য;

- রিয়েল প্রপার্টি ট্যাক্স আইনের (Real Property Tax Law) আর্টিকেল 11 এর শিরোনাম 5, একটি পৌরসভার ঋণ বিক্রি করার ক্ষমতার ক্ষেত্রে স্থগিত করা হয়েছে।

উপরন্তু, নির্বাহী আইনের (Executive Law) আর্টিকেল 2-B এর সেকশন 29-a দ্বারা আমার মধ্যে নিয়োজিত কর্তৃপক্ষের দ্বারা
যা দুর্যোগ মোকাবেলার জন্য প্রয়োজনীয় দুর্যোগকালীন জরুরী অবস্থার সময় যে কোন নির্দেশিকা জারি করার কতৃত্বের বলে, আমি এতোদ্বারা 4 অক্টোবর 2020 পর্যন্ত নিম্নলিখিত নির্দেশিকাগুলি জারি করছি:

- নির্বাহী আদেশ 202.45 এ উল্লিখিত নির্দেশ যা রাজ্যব্যাপী সকল স্কুল সশরীরে উপস্থিত হয়ে প্রশিক্ষণপ্রাপ্তির ক্ষেত্রে বন্ধ রাখার নির্দেশ দেয় তা এতোদ্বারা সংশোধন করা হল যাতে রাজ্যব্যাপী স্কুলগুলি প্রশিক্ষণ প্রদানের জন্য খোলা হয় সেপ্টেম্বর 1, 2020 তারিখ থেকে স্বাস্থ্য দপ্তরের বিধি এবং নির্দেশিকা মেনে চলার শর্তে এবং এই শর্তও জারি করে যে স্কুল জেলাগুলি খাদ্য, শিশু পরিচর্যার উপলভ্যতা অব্যাহত রাখে স্বাস্থ্য পরিচর্যা এবং এমার্জেন্সি প্রতিক্রিয়ার কর্মীদের জন্য যে কোন স্কুল জেলার জন্য যারা তাদের পরিচালনা দূরবর্তীভাবে করছেন এবং আরো এই যে, যে কোন জেলা যা সশরীরে প্রশিক্ষণ প্রদান বন্ধ করেন, তাদের সেই পরিষেবা অবিলম্বে প্রদান করার জন্য এক আকস্মিকতার পরিকল্পনা তৈরি থাকে হবে।

- যখন একজন করোনার বা চিকিতসাগত পরীক্ষকের যুক্তিসঙ্গত কারণ থাকে যে COVID-19 বা ইনফ্লুয়েঞ্জা মৃত্যুর কারণ ছিল, কিন্তু সেরকম কোন পরীক্ষা করানো হয়নি মৃত্যুর 14 দিন আগে কোন নার্সিং হোম বা হাসপাতালে, বা কোন হস্পিস এজেন্সির দ্বারা, তখন করোনার বা চিকিতসাগত পরীক্ষক একটি COVID-19 এবং ইনফ্লুয়েঞ্জা পরীক্ষা প্রদান করবেন মৃত্যুর 48 ঘন্টার মধ্যে, যখনই শরীরটি মৃত্যুর 48 ঘন্টার মধ্যে প্রাপ্ত হবে, স্বাস্থ্য দপ্তরের জারি করা বিধি অনুযায়ী। করোনার বা মেডিকেল পরীক্ষক স্বাস্থ্য দপ্তর কর্তৃক নির্ধারিত উপায়ে এই ধরনের পরীক্ষার ফলাফল পাওয়ার পর অবিলম্বে স্বাস্থ্য দপ্তরের কাছে মৃত্যুর খবর জানাবেন। রাজ্য স্বাস্থ্য দপ্তর যে কোন অনুরোধকারী করোনার বা মেডিকেল পরীক্ষকে সাহায্য প্রদান করবে।

- নাসাউ কাউন্টি অ্যাডমিনিস্ট্রেটিভ কোড § 5-17.0(2) সেই পরিসর পর্যন্ত পরিবর্তন করা যা প্রয়োজন 2019-2020 সালের দ্বিতীয় অর্ধ্বের নাসাউ কাউন্টি ট্যাক্স রোলে উপস্থিত কর বিনা সুদে প্রদানের শেষ সীমা স্থগিত করা আগস্ট 10, 2020 তারিখ থেকে আগস্ট 31, 2020 পর্যন্ত প্রসারিত করার জন্য আবাসিক সম্পত্তির ক্ষেত্রে যা সপম্পূর্ণভাবে বা আংশিকভাবে নাসাউ কাউন্টির স্বাস্থ্য পরিষেবা কর্মীদের বা প্রথম প্রতিক্রিয়াকারীদের মৃত্যুর সময় তাদের মালিকানাধীন ছিল যারা নভেল করোনাভাইরাসে আক্রান্ত হওয়ার কারণে মারা যান এবং এখন তাদের নিকট পারিবারিক সদস্যদের বা তাদের এস্টেটের মালিকানাধীন।

- নাসাউ কাউন্টি অ্যাডমিনিস্ট্রেটিভ কোড (Nassau County Administrative Code) § 5-16.0(b) সেই পরিসর অবধি প্রসারিত করা যা প্রয়োজন 2020-2021 স্কুল জেলা কর পরিশোধের উপর এক শতাংশ ছাড় প্রদান করার জন্য যা ডিসেম্বর 10, 2020 বা তার আগে প্রদান করা হয়।

- নির্বাহী আদেশ 202.3 এ যে নির্দেশিকা ধারণ করা আছে, যেমন প্রসারিত, যা ভিডিও লটারি গেমিং বা ক্যাসিনো গেমিং পরিচালনার জন্য অনুমোদিত যে কোন ফেসিলিটি জনসাধারণের জন্য বন্ধ করা বাধ্যতামূলক করে, তা এতোদ্বারা পরিবর্তন করে যাতে সেই সব ফেসিলিটি সেপ্টেম্বর 9, 2020 থেকে শুরু করে বা সেই তারিখ থেকে খুলতে পারে, স্বাস্থ্য দপ্তরের নির্দেশিকা মেনে চলার শর্তে।

- নির্বাহী আদেশ 202.53 দ্বারা সংশোধিত নির্বাহী আদেশ 202.50, যা খুচরা শপিং মলের আভ্যন্তরীণ সাধারণ এলাকাগুলি খোলার অনুমোদন দেয় রাজ্যের সেই সব এলাকায় যা রাজ্যের পুনরায় খোলার চতুর্থ পর্যায়ে আছে, এই শর্তে যে তেমন মলগুলি নিউ ইয়র্ক সিটির এলাকায় বন্ধ রাখা হয়, তা এতোদ্বারা সংশোধন করা হল যাতে সেই সব মল খুলতে পারে নিউ ইয়র্ক সিটি এলাকায়, যতক্ষণ সেই মলগুলি স্বাস্থ্য দপ্তরের সেপ্টেম্বর 9, 2020 তারিখে জারি করা নির্দেশিকাগুলি মেনে চলে।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবেনি শহরে স্টেটের

নিজস্ব সিলমোহরসহ দুই হাজার বিশ

সালের সেপ্টেম্বর মাসের চতুর্থ দিনে

এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব